মুজিবনগরে ওয়ারেন্টভুক্ত ১ আসামি গ্রেফতার

মুজিবনগরে সি আর মামলার এক ওয়ারেন্টভুক্ত আসামি কে গ্রেফতার করেছে মুজিবনগর থানা পুলিশ।

গতকাল শুক্রবার দিবা গত রাত্রে অভিযান চালিয়ে সিআর ৫৫২/২২ মামলার ওয়ারেন্ট ভুক্ত আসামি উপজেলার কোমরপুর গ্রামের পুলন এর ছেলে কালামকে গ্রেফতার করে পুলিশ।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি মিজানুর রহমান জানান, মেহেরপুর সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট দ্বিতীয় আদালত এর আদেশক্রমে সি আর মামলার ওয়ারেন্ট ভুক্ত আসামি কালাম কে গ্রেফতার করে আজ শনিবার দুপুরে আদালতে সোপর্দ করা হয়েছে।

মুজিবনগরে আলম হত্যা মামলার বাদিসহ ৪ জন আটক

মুজিবনগর উপজেলার তারানগর গ্রামের চাঞ্চল্যকর আলমগীর হোসেন (আলম) হত্যা মামলার সন্দেহভাজন বাদিসহ চারজনকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

দীর্ঘ তিন মাস ধরে হত্যা মামলাটি তদন্তকালে পুলিশ তথ্যপ্রযুক্তির সহায়তায় তারানগর গ্রামের সেকের শেখ এর ছেলে হামিদুল শেখ (৩১),শাহবুদ্দীন মন্ডলের মেয়ে এবং আলমগীর হোসেন(আলম) এর স্ত্রী ও আলম হত্যা মামলার বাদি বেদেনা খাতুন(৩৭), আব্দুর রহমান এর ছেলে মিন্টু ধুলো পেটু (৪০) এবং আলম এর শাশুড়ি শাহবুদ্দীন এর স্ত্রী শাহিনুর বেগম (৫৫)। বুধবার দিবাগত রাত্রে তাদের বাড়িতে অভিযান পরিচালনা করে তাদের আটক করা হয়।

মুজিবনগর থানা অফিসার ইনচার্য (ওসি) মিজানুর রহমান জানান, তিন মাস ধরে মামলাটি নিয়ে পুলিশ গভীরভাবে তদন্ত করে তথ্য প্রযুক্তির

সহায়তায় আটককৃতদের সম্পৃক্ততা খুঁজে পাই বুধবার দিবাগত রাতে তাদেরকে আটক করা হয়। প্রাথমিক জিজ্ঞাসা বাদে তারা পরস্পর যোগসাজসে হত্যার কথা স্বীকার করে এবং আদালতে ১৬৪ ধারায় নিজেদের দোষ স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করতে ইচ্ছা প্রকাশ করে।

বৃহস্পতিবার সকালে তাদেরকে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়। বিজ্ঞ আদালতে ৩ জন ১৬৪ ধারায় হত্যার সাথে সম্পৃক্ততার স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করে। এসময় তাদেরকে জেল হাজতে প্রেরণ করা হয়।

উল্লেখ্য, গত ৯ আগষ্ট দিবাগত রাত্রে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের তারানগর গ্রামের আগবত আলীর মেজ ছেলে আলমগীর হোসেন আলম
(৪৪) কে নিজ ঘরে ঘুমন্ত অবস্থায় কুপিয়ে হত্যা করে দুর্বৃত্তরা। ১০ই আগষ্ট হত্যার শিকার আলমের স্ত্রী মুজিবনগর থানায় ৩০২/৩৪(বাংলাদেশ পেনাল কোডে) ধারায় অজ্ঞাতনামা আসামি করে মামলা দায়ের করে যার মামলা নম্বর -২।

মেহেরপুরে যুবদল নেতা হত্যার জড়িতদের গ্রেপ্তারের ২৪ ঘণ্টার আল্টিমেটাম

২৪ ঘন্টার মধ্যে যুবদল নেতা হত্যার ক্লু উদ্ধার ও আসামিদের গ্রেফতারের দাবি জানিয়ে বিক্ষোভ ও প্রতিবাদ সমাবেশ করেছে বিএনপি ও যুবদল।

বৃহস্পতিবার দুপুরের দিকে গাংনী উপজেলা শহরের বড়বাজার এলাকায় টায়ার জালিয়ে এই সমাবেশ করেন তারা।
এসময় কিছুক্ষণের জন্য মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কে যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়।

জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউছার আলীর সঞ্চালনায় এসময় বক্তব্য রাখেন, জেলা বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল,

গাংনী উপজেলা বিএনপির সভাপতি রেজাউল হক, জেলা যুবদলের সিনিয়র সহসভাপতি আব্দাল হক, গাংনী পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা।
এছাড়াও পৌর যুবদলের আহবায়ক সাইদুল ইসলাম, সদস্য সচীব এনামুল হক, যুবদল নেতা আব্দুল গাফফারসহ বিএনপি, যুবদল, ছাত্রদলের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

বক্তরা বলেন, আগামী ২৪ ঘন্টার মধ্যে যুবদল নেতা আলমগীর হোসেনের হত্যার ক্লু উদ্ধার ও ঘাতকদের গ্রেফতার করে আইনের আওতায় আনতে হবে। যুবদলের নেতা হত্যার সাথে জড়িতদের গ্রেফতারে ২৪ ঘন্টা পার হলে বিএনপি ও যুবদলের নেতাকর্মীরা ঘাতকদের ধরে শাস্তির ব্যবস্থা করবে।

এসময় মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাংনী উপজেলা শহরের বড়বাজার এলাকায় টায়ার জ্বালিয়ে বিক্ষোভ করেন তারা। এর আগে জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন নিহত যুবদল নেতার মরদেহ দেখে একই দাবী জানান।

আজ বৃহস্পতিবার সকালে গাংনী পৌর যুবদলের এক নম্বর বাঁশবাড়িয়া ওয়ার্ড যুবদল সভাপতি আলমগীর হোসেনের গলাকাটা লাশ উদ্ধার করে পুলিশ। এরপরপরই এই কর্মসূচি পালন করে বিএনপি ও যুবদল।

মুজিবনগরে জাতীয় সমাজসেবা দিবস উদযাপন

“নেই পাশে কেউ যার, সমাজসেবা আছে তার” এই প্রতিপাদ্যে মুজিবনগরে বর্ণাঢ্য র্যালি ও ওয়াকাথনের মধ্য দিয়ে জাতীয় সমাজসেবা দিবস উদযাপিত হয়েছে।

বৃহস্পতিবার সকালে মুজিবনগর উপজেলা সমাজসেবা অফিসার মাহমুদুল হাসানের সভাপতিত্বে উপজেলা অডিটোরিয়ামে এক আলোচনা সভা এবং ওয়াকাথন অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী প্রকৌশলী খালিদ হাসান এবং মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি ওমর ফারুক প্রিন্স।

মুজিবনগর উপজেলা একাডেমিক সুপারভাইজার হাসনাইন জাহিদের সঞ্চালনায় এসময় সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান এবং অন্যান্য কর্মকর্তা ও সমাজসেবা অফিসের উপকারভোগীরাও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

এর আগে উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডলের নেতৃত্বে উপজেলা পরিষদ প্রাঙ্গণ থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের হয়, যা পুরো এলাকায় উৎসবমুখর পরিবেশ সৃষ্টি করে।

মুজিবনগরে পাখি ভ্যানসহ চোর আটক

মুজিবনগরে চুরি কৃত পাখি ভ্যান সহ এক ভ্যান চোরকে আটক করেছে মুজিবনগর থানা পুলিশ।

ভ্যান চালক এবং পুলিশ সুত্রে জানা গেছে গতকাল মঙ্গলবার দুপুরে ভ্যান চালক উপজেলার ভবেরপাড়া গ্রামের বদর শেখ এর ছেলে লালটু শেখ মেহেরপুর থেকে বাড়ি আসার পথে মোনাখালী উত্তরপাড়া কবরস্থানের পাশে আসলে তার টয়লেটের প্রয়োজন হলে ভ্যানটি মেহেরপুর মুজিবনগর প্রধান সড়কের পাশে রেখে টয়লেট করতে যায়। টয়লেটের করার একপর্যায়ে ভ্যানচালক দেখতে পাই যে তার পাখি ভ্যানটি নিয়ে দুইজন মোলাখালী বাজারের দিকে চলে যাচ্ছে সে দ্রুত টয়লেট সেরে চোর চোর বলে চিৎকার করতে করতে ভ্যানের পিছনে দৌড় দেয় তার চিৎকার শুনে সাধারণ লোকজন মোনাখালী বাজারে ভ্যান সহ দুইজনকে আটক করে গণপিটুনি দিতে থাকে। মুজিবনগর থানার পুলিশ খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে উত্তেজিত জনগনের কবল থেকে তাদের উদ্ধার করে এবং ভ্যান টি জব্দকরে ধৃত চোর কে মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্স এ প্রাথমিক চিকিৎসা প্রদান করে থানা হেফাজতে নেয়।

পুলিশের জিজ্ঞাসা বাদে ধৃত চোর তার নাম ঠিকানা প্রকাশ করে। জনগণের হাতে ধৃত চোর মেহেরপুর শহরের পোষ্ট অফিস পাড়ার জনি খাঁনের ছেলে দাতা হাতেম তাই শিশির।

পুলিশ সূত্রে আরও জানা গেছে উক্ত ঘটনার জড়িত সন্দেহে জনগন ১৭ বছরের একজন কিশোরকে মারপিট করে পুলিশের হাতে তুলে দেয়। থানায় আনার পরে জিজ্ঞাসাবাদে তার সম্পৃক্ততা না পাওয়া যায়নি ধৃত চোর তাকে মুজিবননগর বেড়াতে নিয়ে যাবে বলে নিয়ে আসে পরে থানা অফিসার ইনচার্জ মিজানুর রহমান এবং উপজেলা সমাজসেবা অফিসার ও দায়িত্বপ্রাপ্ত প্রবেশন অফিসার মাহমুদুল হাসানেরর সমন্বয়ে কিশোরটিকে প্রাথমিক চিকিৎসা প্রদান করে পরিবারের জিম্মায় হস্তান্তর করেন এবং ধৃত চোর নামে মামলা দিয়ে আদালতে সোপর্দ করা হয়েছে।

মেহেরপুরে হারানো ৮১টি মোবাইল উদ্ধার করে দিলো পুলিশ

মেহেরপুরে হারিয়ে যাওয়া ৮১ টি মোবাইল উদ্ধারের পর প্রকৃত মালিকের কাছে ফিরিয়ে দিলো মেহেরপুর পুলিশের সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন ইউনিট।

আজ বুধবার (০১ জানুয়ারি) সকাল ১১ টার দিকে পুলিশ সুপারের কার্যালয় প্রাঙ্গনে বর্ণাঢ্য আয়োজনে মালিকদের হাতে উদ্ধারকৃত মোবাইল গুলো তুলে দেন পুলিশ সুপার মাকসুদা আকতার খানম, পিপিএম।

এর আগে জেলার তিন থানায় করা সাধারণ ডায়েরির ভিত্তিতে মোবাইলগুলো উদ্ধার করা হয়। জেলা পুলিশের সাইবার ক্রাইম সেলের সহযোগিতায় উদ্ধার করা মোবাইলগুলো আসল মালিকের হাতে তুলে দেওয়া হয়। হারানো মোবাইলগুলোর মধ্যে সদর থানার ৩৪ টি, গাংনী থানার ৪৫ টি এবং মুজিবনগর থানার ০২ টি সর্বমোট ৮১ টি উদ্ধারকৃত অ্যান্ড্রয়েড মোবাইল উদ্ধার করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন অতিরিক্ত পুলিশ সুপার (অর্থ ও প্রশাসন) মো:জামিনুর রহমান খাঁন, অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) আব্দুল করিম, জেলা গোয়েন্দা শাখার অফিসার ইনচার্জ গোপাল কুমার, মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ মেজবাহ উদ্দীন, সাইবার ক্রাইম ইনভেস্টিগেশন সেলের সকল সদস্যসহ প্রিন্ট, ইলেকট্রনিক্স ও অনলাইন সংবাদ মাধ্যমের সদস্যবৃন্দরাও।

পরে হারানো মোবাইল ফোন পেয়ে প্রকৃত মালিকরা অনেকে আবেগাপ্লুত হয়ে পড়েন এবং পুলিশ সুপারসহ সংশ্লিষ্ট সবাইকে ধন্যবাদ এবং কৃতজ্ঞতা জ্ঞাপন করেন।

মুজিবনগরের দারিয়াপুর ইউনিয়নে জেলা বিএনপির আলোচনা সভা

মেহেরপুর জেলা বিএনপি’র নবগঠিত আহবায়ক কমিটির নির্দেশে দলকে সুসংগঠিত করার লক্ষ্যে দারিয়াপুর ইউনিয়ন বিএনপি’র কার্যালয় উদ্বোধন ও আলোচনা সভার আয়োজন করা হয়েছে ।

আজ মঙ্গলবার (৩১ ডিসেম্বর) বিকেলে দারিয়াপুর বাজারে এই আলোচনা সভার আয়োজন করা হয়।

দারিয়াপুর ইউনিয়ন বিএনপির ভারপ্রাপ্ত সভাপতি শামসুজ্জোহা (মাস্টার) এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব এডভোকেট কামরুল হাসান।

প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম।

মুজিবনগর উপজেলা যুবদলের সদস্য সচিব আনোয়ারুল ইসলামের সঞ্চালনায় অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সহ-

সভাপতি আনছা-উল -হক, সাবেক সহ সভাপতি হাফিজুর রহমান হাফি, সাবেক সহ সভাপতি এম এ কে খাইরুল বাশার, সাবেক সহ-সভাপতি ওমর ফারুক লিটন, সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা আহমেদ, সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, সাবেক সহ-সাংগঠনিক সম্পাদক রেজাউল করিম, পৌরসভার সাবেক সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা যুবদলের সাধারণ সম্পাদক কাউসার আহমেদ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা যুবদলের সাংস্কৃতিক সম্পাদক আসাদুজ্জামান জনি, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ফিরোজুর রহমান,আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মেদ সহ জেলা বিএনপি’র অঙ্গসংগঠনের বিভিন্ন নেতৃবৃন্দ ও সাধারণ মানুষেরা।

পরে দারিয়াপুর ইউনিয়ন বিএনপির প্রধান কার্যালয়ে উদ্বোধন করেন উপস্থিত অতিথিবিন্দুরা।

মুজিবনগরে নতুন ইউএনও হিসাবে পলাশ মন্ডলের যোগদান

মেহেরপুরের মুজিবনগর উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার হিসাবে যোগদান করেছেন পলাশ মন্ডল। আজ মঙ্গলবার (৩১ ডিসেম্বর) দুপুরে তিনি এ উপজেলায় যোগদান করে প্রথমেই সংবাদকর্মীদের সাথে সৌজন্য সাক্ষাৎ করেন।

এ সময় মুজিবনগর প্রেসক্লাবের পক্ষ থেকে তাকে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

পলাশ মন্ডল ১৯৮৮ সালে খুলনা জেলায় জন্মগ্রহন করেন।

লেখাপড়া জীবনে তিনি সেন্ট জোসেফস মাধ্যমিক বিদ্যালয় থেকে ২০০৪ সালে এসএসসি শেষ করেন। সরকারি এমএম সিটি কলেজ খুলনা থেকে এইসএসসি শেষ করেন। বিএসসি (মেকানিকাল), বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক শেষ করেন।

এর পরে বিসিএস পরিক্ষা দিয়ে বিসিএস (প্রশাসন) ৩৫ ব্যাচের সদস্য হিসাবে উত্তীর্ন হন তিনি।

চাকুরী জীবনে ২০১৭ সালে সহকারী কমিশনার হিসেবে বগুড়া জেলায় যোগদান করেন।

পরবর্তিতে সহকারী কমিশনার(ভূমি) হিসাবে বালাগঞ্জ, সিলেট ও সিলেট মহানগর রাজস্ব সার্কেলে চাকুরী করেন। পরে মাগুরা জেলার মোহাম্মদপুর উপজেলায় ১ বছর ৩ মাস ইউএনও হিসাবে দায়িত্ব পালন করেন।

পুলিশের তৎপরতায় ৬ ঘন্টার মাথায় গাকের নিখোঁজ স্টাফ উদ্ধার

মেহেরপুরের মুজিবনগরে প্রতিদিনের ন্যায় কিস্তির টাকা তুলতে গিয়ে নিখোঁজ হওয়া এনজিও প্রতিষ্ঠান গ্রাম উন্নয়ন কেন্দ্র (গাক) মুজিবনগর অফিসের স্টাফ শেখ মেহেদী হাসান(২৮) কে উদ্ধার করেছে মুজিবনগর থানা পুলিশ।

আজ সোমবার সন্ধ্যার দিকে যশোর জেলার চৌগাছা উপজেলার চাকলা মাঠ নামক গ্রাম স্থান থেকে তাকে উদ্ধার করা হয়। শেখ মেহেদী হাসান ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলার কুল্যাপাড়া গ্রামের শেখ সুলতান আহম্মেদের ছেলে।

আজ সোমবার দুপুরে নিখোজের জিডি হাতে পাওয়ার পর মুজিবনগর থানা পুলিশ তাদের উদ্ধার কার্যক্রম শুরু করে দেয়। মেহেরপুর সাইবার ক্রাইম সেল এর মোবাইল ট্রাকিং এর মাধ্যমে ৬ ঘন্টার মাথায় উদ্ধার কাজে সফল হয় পুলিশ।

উদ্ধার হওয়ার পর মোবাইলে ভিডিও ধারনকৃত ভিক্টিমের জবানবন্দী থেকে জানা যায়, আমি প্রতিদিনের ন্যায় আজ সোমবার সকালেও আমার এক ক্লাইন্ট এর কাছে কিস্তির টাকা আনতে যায়। টাকা নিতে গেলে আমার

সদস্য আমাকে একটা ঠিকানা দিয়ে বলে ওখানে আমার ভাই দারিয়ে আছে সে টাকা দেবে। তারপর আমি সেখানে গেলে আমার মাথায় হঠাৎ একটা চক্কর দিয়ে ওঠে। তারপর ঐ ব্যাক্তি আমার মটরসাইকেলে উঠে পরে। এরপর কি হয়েছিলো আমার কিছু মনে নেই। পরবর্তিতে আমি স্বাভাবিক অবস্থায় ফিরে আসার পর দেখতে পায় আমি মাঠের ভিতরে পরে আছি।

মুজিবনগর গাক অফিসের ম্যানেজার হাবিবুর রহমান বলেন, মেহেদী হাসান কিস্তির টাকা আদায় করে দুপুরে অফিসে না আসলে আমি তাকে ফোন দিয়ে যোগাযোগ করতে গেলে কোন রেস্পন্স পাইনি। এর পরে আমি থানায় একটি নিখোজ জিডি করে আসি।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান জানান, জিডি হাতে পাবার পর আমরা উদ্ধারের জন্য মেহেরপুর সাইবার ক্রাইম সেল এর সহোযগীতা নিই। পরে তার মোবাইল নাম্বার দিয়ে ট্রাকিং শুরু করি। কয়েকবার ট্রাকিং করলে একেকবার একেক স্থানের লোকেশন দেখায়। এভাবে ৪ বারের লোকেশনে যশোর জেলার চৌগাছা উপজেলার চাকলা মাঠ নামক গ্রাম স্থানে স্থির লোকেশন দেখায়। এরপর আমরা তার পরিবারকে জানালে ভিক্টিম এর চাচাতো ভাই রাজু আহম্মেদসহ তার পরিবার সেখানে যেয়ে তাকে নিয়ে আসে।

এদিকে বাসায় এসে পৌছালে তার প্রাথমিক চিকিৎসার জন্য তাকে স্থানীয় স্বাস্থ কমপ্লেক্স নিয়ে যাবার পরামর্শ প্রদান করি।

মুজিবনগরে যৌথসভা ও ই-প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত

সমবায়ে গড়ব দেশ, বৈষম্যহীন বাংলাদেশ”এই প্রতিপাদ্যে মুজিবনগরে সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) প্রকল্প-৩য় পর্যায়ে (আরডিএ অংশ) সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতির সদস্যবৃন্দের অংশগ্রহণে মাসিক যৌথসভা ও ই-প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়েছে।

মুজিবনগর সহকারী প্রকল্প পরিচালকের কার্যালয় (সিভিডিপি) প্রকল্প-৩য় পর্যায়ের আয়োজনে উপজেলা পরিষদ হলরুমে আজ সোমবার দিনব্যাপী

এই মাসিক যৌথসভা ও ই-প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়।

মুজিবনগর উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মন্টুর সভাপতিত্বে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম, মেহেরপুর জেলা সমবায় অফিসার প্রভাস চন্দ্র বালা, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি মিজানুর রহমান।

এছাড়াও উপস্থিত ছিলেন উপজেলা সমবায় অফিসের সহকারী পরিদর্শক শাহিনুজ্জামান, উপজেলা সমবায় অফিসের অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর সাঈদ আনোয়ার।

দিনব্যাপী যৌথসভা ও ই-প্রশিক্ষণ কোর্সে মুজিবনগর উপজেলার ১৬ টি সার্বিক গ্রাম উন্নয়ন সমিতির ১২০ জন সদস্য ও সদস্যা অংশগ্রহণ করেন।